

• LU 077

**১৫ জন শিক্ষকের
নিয়োগ বাতিল
শিক্ষা কর্মকর্তার
সাসপেন্ড**

সিকরিগাও, ২৮শে নভেম্বর
(নিজস্ব সংবাদদাতা)—বালিয়াডাঙ্গী
উপজেলায় প্রাথমিক শিক্ষক-শিক্ষিক
নিয়োগের ব্যাপক দুর্নীতি, অনি-
য়ম ও স্বজনপ্রীতির অভিযোগে
একজন প্রধান শিক্ষিকা ও ১৪
জন সহকারী শিক্ষক-শিক্ষিকার
নিয়োগের আদেশ বাতিল করা
হইয়াছে। গত ৫ই নভেম্বর প্রাথমিক
শিক্ষা অধিদপ্তরের মহা-পরিচালক
উক্ত নির্দেশ প্রদান করিয়াছেন।

প্রকাশ, গত বৎসর ৬ই সেপ্টে-
ম্বর উক্ত ১৫ জন শিক্ষক-শিক্ষিকা
নিয়োগের পর অনিয়ম, দুর্নীতি ও
স্বজনপ্রীতির অভিযোগ আনিয়া
বালিয়াডাঙ্গীতে মিছিল ও জনসভা

১৫ জন শিক্ষকের

(৩য় পৃ: পর)

অনুষ্ঠিত এবং বিভিন্ন সংবাদপত্রে
এ ব্যাপারে সংবাদ প্রকাশিত হয়।
পরবর্তীতে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক
তদন্তের পর ঘটনার সত্য প্রমাণিত
হয়। এদিকে সরকারী নির্দেশ
অমান্য করায় বালিয়াডাঙ্গী উপ-
জেলা শিক্ষা কর্মকর্তাকেও সাসপেন্ড
করা হইয়াছে।